



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন



২ ডিসেম্বর ২০২৩, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, প্রক্টর, ছাত্র-ছাত্রী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীল দল, কর্মকর্তা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ এর পক্ষ থেকে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

উল্লেখ্য গত (৩০ নভেম্বর ২০২৩) তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১০(১) ধারা অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম-কে উপাচার্য পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।